# বিমানের ভাড়া অভ্যন্তরীণ রুটে ৬০ ভাগ বাড়লো

(স্টাফ রিপোর্টার)

আগামীকাল থেকে অভ্যন্তরীণ রুটে বাংলাদেশ বিমানের যাত্রী ভাড়া বাড়ানো হয়েছে। এই বৃদ্ধির হার হচ্ছে শতকরা ৬০ ভাগ।

গতকাল এই বর্ধিত ভাড়া তালিকা সম্বলিত বিমানের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, ৪ঠা আগস্টের পূর্বে যাত্রিগণ যেসব টিকিট কিনেছেন অথচ এখনো ব্যবহার করেননি, আগামীকাল কিংবা তারপরে সেসব টিকিটে ভ্রমণ করতে হলে বর্ধিত ভাড়া পরিশোধ করতে হবে।

কিন্তু যারা ইতিমধ্যেই সেসব টিকিটের অংশ বিশেষ ব্যবহার করেছেন, ৪ঠা আগস্ট কিংবা তারপর বাকী অংশ ব্যবহারের জন্যে তাদের কোন অতিরিক্ত ভাড়া দিতে হবে না।

বিমানের বর্তমান বর্ধিত ভাড়ার তালিকা নীচে দেয়া হলো:

ঢাকা-চট্টগ্রাম: ওয়ানওয়ে—২ শত ১০ টাকা এবং রিটান—৪ শত ২০ টাকা।

ঢাকা-কুমিল্লা: ওয়ানওয়ে—৬৫ টাকা, রিটার্ন—১ শত ৩০ টাকা।

ঢাকা-ঈশ্বরদী: ওয়ানওয়ে—১ শত ১০ টাকা, রিটার্ন—২ শত ২০ টাকা।

ঢাকা-যশোর: ওয়ানওয়ে—১ শত ৪৫ টাকা, রিটার্ন—২ শত ৯০ টাকা।

ঢাকা-ঠাকুরগাঁও: ওয়ানওয়ে—১ শত ৯০ টাকা, রিটার্ন—৩ শত ৮০ টাকা।

ঢাকা-সিলেট: ওয়ানওয়ে—১ শত ৬০ টাকা, রিটার্ন—৩ শত ২০ টাকা।

ঢাকা-কক্সবাজার: ওয়ানওয়ে—২ শত ৭৫ টাকা, রিটার্ন—৫ শত ৫০ টাকা।

চট্টগ্রাম-কক্সবাজার: ওয়ানওয়ে—৬৫ টাকা, রিটার্ন—১ শত ৩০ টাকা।

চট্টগ্রাম-যশোর: ওয়ানওয়ে—২ শত ৬০ টাকা, রিটার্ন—৫ শত ২০ টাকা।

ভাড়া বৃদ্ধির যৌক্তিকতা সম্পর্কে বিমানের বক্তব্য এই নতুনভাবে ভাড়া বাড়ানোর পরও বিমানের অভ্যন্তরীণ রুটের ভাড়া বিশ্বের অন্যান্য দেশের অভ্যন্তরীণ রুটের তুলনায় কম রয়ে গেছে।